

মানব প্যাপিলোমা ভাইরাস (HPV) টিকাদান সংক্রান্ত তথ্য

স্বাস্থ্য বিভাগ (DH) ২০১৯/২০২০ শিক্ষাবর্ষ থেকে হংকং শিশু টিকাদান কর্মসূচির (HKCIP) অংশ হিসেবে যোগ্য প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রীদের জন্য মানব প্যাপিলোমা ভাইরাস (HPV) টিকাদান কর্মসূচি চালু করেছে। প্রথম ডোজটি প্রাথমিক ৫ শ্রেণির ছাত্রীরা তাদের স্কুলে পায়, এবং নির্ধারিত টিকাদান সময়সূচি অনুযায়ী, তারা পরবর্তী শিক্ষাবর্ষে প্রাথমিক ৬-এ ওঠার পর দ্বিতীয় ডোজ পাবে। যারা স্কুলে টিকা পায়নি এবং যারা হংকং-এ পড়াশোনা করছে না, তারা স্কুল ইমিউনাইজেশন টিমের (SIT) উপ-অফিসে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে টিকা নিতে পারবে। এই ব্যবস্থা টিকা-নিরোধযোগ্য রোগবিষয়ক বৈজ্ঞানিক কমিটি (SCVPD) এবং এইডস ও ঘোনবাহিত সংক্রমণবিষয়ক বৈজ্ঞানিক কমিটির (SCAS) ঘোথ সুপারিশে কার্যকর হয়েছে।

HPV কী?

HPV হলো ভাইরাসের একটি দল, যার মধ্যে ১৫০টিরও বেশি ধরন রয়েছে। এর মধ্যে প্রায় ৪০টি ধরন মানব ঘোনাঙ্গে সংক্রমণ ঘটাতে পারে। কিছু ধরন জরায়ু, ঘোনি, বাহ্যিক ঘোনাঙ্গ ও মলদ্বারে ক্যান্সার পূর্ব পরিবর্তন ও ক্যান্সার সৃষ্টি করতে পারে।

HPV টিকা কী?

HPV টিকা একটি প্রতিরোধক টিকা, যা জরায়ু ক্যান্সার এবং অন্যান্য HPV-সম্পর্কিত ক্যান্সার বা রোগ প্রতিরোধে সহায়ক। হংকং-এ HPV-16, 18, 31, 33, 45, 52, 58 প্রায় ৯০% জরায়ু ক্যান্সারের জন্য দায়ী। উপরোক্ত সাতটি ধরন ৯-ভ্যালেন্ট HPV টিকায় অন্তর্ভুক্ত।

HPV টিকা কীভাবে পাবেন?

DH-এর স্কুল ইমিউনাইজেশন টিম (SIT) প্রাথমিক ৫ শ্রেণির ছাত্রীদের স্কুলে ৯-ভ্যালেন্ট HPV টিকার প্রথম ডোজ এবং পরবর্তী বছর প্রাথমিক ৬-এ ওঠার পর দ্বিতীয় ডোজ বিনামূল্যে দেয়।

প্রাথমিক ৫ বা ৬ শ্রেণির ছাত্রীর অভিভাবকরা HPV ও টিকাদানের বিষয়ে তথ্য ও সম্মতি ফর্ম পাবেন। আপনার স্কুল যদি HPV টিকাদান কর্মসূচিতে অংশ না নেয়, তাহলে যোগ্য ছাত্রীর অভিভাবকরা অফিস সময়ে SIT-কে 2615 8585-এ ফোন করতে পারেন।

যে যোগ্য ছাত্রীরা হংকং-এ পড়াশোনা করছে না, তারা SIT-এর উপ-অফিসে অ্যাপয়েন্টমেন্ট নিয়ে টিকা নিতে পারবে। যোগ্যতা ঘাচাই করার জন্য, শিক্ষার্থীদের যথাযথ পরিচয়পত্র (যেমন জন্ম সনদ বা হংকং আইডেন্টিটি কার্ড) এবং স্কুল থেকে পাওয়া প্রমাণপত্র জমা দিতে হবে, যাতে প্রমাণ হয় তারা বিদেশি স্কুলে প্রাথমিক ৫ বা ৬ (বা সমমান) শ্রেণিতে পড়ছে। অ্যাপয়েন্টমেন্ট নিতে বা আরও জানতে অফিস সময়ে 2615 8585-এ ফোন করুন।

বিকল্পভাবে, অভিভাবকরা তাদের সন্তানদের জন্য ব্যক্তিগত ডাক্তারের কাছেও HPV টিকা নিতে পারেন।

HPV টিকা নেওয়ার পরে কী ধরনের পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে?

HPV টিকা সাধারণত নিরাপদ। বেশিরভাগ ছাত্রীর কোনো গুরুতর প্রতিক্রিয়া হয় না।
সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া অন্যান্য টিকার মতো:

- (1) হালকা ও স্বল্পস্থায়ী পার্শ্বপ্রতিক্রিয়া, যেমন মাথাব্যথা, মাথা ঘোরা, বমি বমি ভাব ও ক্লান্তি।
- (2) ইনজেকশনের স্থানে ব্যথা, লালচে ভাব বা ফোলা।
- (3) জ্বর।

HPV টিকার নিরাপত্তা নিয়ে কোনো উদ্বেগ আছে কি?

HPV টিকা বহু বছর ধরে বিশ্বব্যাপী ব্যবহৃত হচ্ছে। বৈজ্ঞানিক প্রমাণ ও টিকা নেওয়ার পর পার্শ্বপ্রতিক্রিয়ার তথ্য পর্যালোচনার পর, বিশ্ব স্বাস্থ্য সংস্থা ও বিদেশি স্বাস্থ্য কর্তৃপক্ষরা সিদ্ধান্তে পৌঁছেছে যে HPV টিকা নিরাপদ ও কার্যকর, এবং গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়ার কোনো প্রমাণ নেই।

এত কম বয়সে HPV টিকা দেওয়া হয় কেন? এতে কি শিশুদের মধ্যে অকাল ঘোন আচরণ বাড়বে?

HPV টিকা তাদের জন্য সবচেয়ে কার্যকরী, যারা কখনও HPV সংক্রমিত হয়নি, তাই ঘোন সম্পর্ক শুরুর আগে উপযুক্ত বয়সী মেয়েদের জন্য এটি সুপারিশ করা হয়। গবেষণায় দেখা গেছে, HPV টিকা নেওয়ায় শিশুদের ঘোন আচরণ বা কম বয়সে ঘোন সম্পর্ক শুরুর প্রবণতা বাড়ে না।

এইচপিভি টিকাদান সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে ওয়েবসাইট দেখুন:
<https://www.chp.gov.hk/tc/features/102146.html>